

এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
৩/এ, নীলক্ষ্মেত, ঢাকা-১২০৫।
www.napdaa.org

বিষয় : অ্যাসোসিয়েশন এর কার্যনির্বাহী কমিটি (২০১৬-২০১৯) ৭ম সভার কার্যবিবরণী।
 তারিখ : ২০ মার্চ, ২০১৮ (মঙ্গলবার)
 সময় : বিকাল ০৩.০০ ঘটিকা।
 সভার স্থান : এনএপিডি'র বোর্ড রুম।
 সভাপতি : নাসরিন আকতার, মহাপরিচালক (সরকারের ভারপ্রাপ্ত সচিব), এনএপিডি

ও

সভাপতি, এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন।

সভার উপস্থিতি:

ক্র: নং	নাম, পদবি ও কর্মস্থলের ঠিকানা	অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পদবি	ক্র: নং	নাম, পদবি ও কর্মস্থলের ঠিকানা	অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পদবি
১.	ডাঃ জামাল উদ্দিন খলিফা, পরিচালক, বিএসএমএমইউ	সহ-সভাপতি	৭.	জনাব মোঃ হাসান তারিক পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এনএপিডি	গবেষণা ও উন্নয়ন বিষয়ক সম্পাদক
২.	বেগম কানিজ ফাতেমা প্রাক্তন পরিচালক, এনএপিডি	সহ-সভাপতি	৮.	শেখ মুজিবুল হক, প্রোগ্রাম ম্যানেজার, বিআরএসি	মানব সম্পদ উন্নয়ন সম্পাদক
৩.	প্রকৌ: মোঃ আব্দুর রশীদ, পরিচালক (প্রশাঃ ও অর্থ), এনএপিডি	সহ-সভাপতি	৯.	কাজী মোহাঃ সালাতুজ্জামান, সিস্টেম এনালিষ্ট, এনএপিডি	সমাজ কল্যাণ সম্পাদক
৪.	জনাব মোঃ আতাউল হক, যুগ্ম সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	মহাসচিব	১০.	জনাব মোঃ রমজান আলী, সহযোগী প্রশিক্ষক, এনএপিডি	দণ্ড সম্পাদক
৫.	ডাঃ মোঃ সাখাওয়াত হোসাইন মিঠু, মেডিকেল অফিসার, ডিজিইচএস	কোষাধ্যক্ষ	১১.	মোঃ শরিফুল ইসলাম, ব্যবস্থাপক, ডিপিডিসি	নির্বাহী সদস্য
৬.	জনাব সিরাজ উদ দৌলা চৌধুরী, অতি: পরিচালক, বারডেম	সাংগঠনিক সম্পাদক	১২.	মোহাম্মদ জিয়াউর রহমান, সহযোগী প্রশিক্ষক, এনএপিডি	নির্বাহী সদস্য

- ০২) সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতি সম্প্রতি নেপালের কাঠমুড়ু বিমান বন্দরে বাংলাদেশের বেসরকারি মালিকানাধীন ইউএস-বাংলা এয়ার লাইন্স এর ১টি বিমান দুর্ঘটনা কবলিত হয়। এ দুর্ঘটনায় এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর জীবন সদস্য ও পরিকল্পনা কমিশনের সিনিয়র সহকারী প্রধান বেগম উম্মে সালমাসহ ৫১ জন যাত্রী নিহত হন। সভায় নিহতদের আত্মার মাগফেরাত ও আহতদের প্রতি সমবেদনা জানিয়ে শোক প্রস্তাব গৃহীত হয়। নিহতদের স্মরণে দাঙ্ডিয়ে ১ মিনিট নিরবতা পালন করা হয়।
- ০৩) অতপর সভাপতির অনুমতিক্রমে মহাসচিব আলোচ্যসূচি ভিত্তিক আলোচনা উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

- (i) **নতুন সভাপতির সংগে পরিচিতি:** অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সদস্যগণ নতুন সভাপতির সংগে পরিচিত হন। পরিচয় পর্বে নতুন “সভাপতি” এ্যাসোসিয়েশন এর কর্মকাণ্ড বেগবান করার বিষয়ে তার সর্বাত্মক সহযোগিতার অঙ্গিকার ব্যক্ত করেন।

- (ii) জীবন সদস্যদের জন্য আইডি কার্ড তৈরি : অ্যাসোসিয়েশনের জীবন সদস্যদের জন্য আইডি কার্ড তৈরির নিমিত্ত নমুনা চূড়ান্ত করা হয়। সংশ্লিষ্ট সকলে অবিলম্বে আইডি কার্ড তৈরি করে সরবরাহের ব্যবস্থা করবেন।
- (iii) “এনএপিডি অ্যালামনাই তহবিলের” নামে স্থায়ী আমানত সংক্রান্ত : সভায় অবহিত করা হয় যে, ২০১৭ সালের সেপ্টেম্বর মাসে অ্যাসোসিয়েশন এর কার্যনিরবাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী এনএপিডি অ্যালামনাই তহবিল নামে “আল আরাফা ইসলামী ব্যাংক, বংশাল শাখায়” ২(দুই) লক্ষ টাকা এফতিআর করা হয়েছে। বর্তমানে সাধারণ তহবিলে ২,৫৪,৭৪৫/- (দুই লক্ষ চুয়ান্ন হাজার সাতশত এফতিআর করা হয়েছে। মজুদ তহবিল থেকে অ্যাসোসিয়েশন এর তহবিল বৃদ্ধি করার নিমিত্ত পয়তালিশ) টাকা মজুদ আছে। মজুদ তহবিল থেকে অ্যাসোসিয়েশন এর তহবিল বৃদ্ধি করার সিদ্ধান্ত পয়তালিশ। অধিক মুনাফা প্রদানকারী যে কোন তফসিলি ব্যাংকে আরো ২ লক্ষ টাকা এফতিআর করার সিদ্ধান্ত হয়।
- (IV) রেজিষ্ট্রেশন ফরম নির্বাচন : বর্তমানে ব্যবহৃত রেজিষ্ট্রেশন ফরমে আরো কিছু তথ্য (যেমন জন্ম তারিখ, জাতীয় পরিচয় পত্র নং ও রক্তের গ্রন্থি) অর্তভূক্ত করে ফরমটি হালনাগাদ করার সিদ্ধান্ত হয়। জীবন সদস্যদের ভর্তি ফরম সবুজ ও সাধারণ সদস্যদের ভর্তি ফরম সাদা রং এর হবে মর্মে সিদ্ধান্ত হয়। পাশাপাশি অ্যালামনাই তথ্যসম্পর্কিত একটি কমলা রংয়ের লিফলেট মুদ্রণের সিদ্ধান্ত হয়।
- (V) ওয়েব সাইট তৈরি : সভায় অবহিত করা হয় যে, অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নামে একটি ওয়েব সাইট তৈরি করা হয়েছে। ওয়েব সাইটে তথ্য নিয়মিত হালনাগাদ করার সিদ্ধান্ত হয়।
- (VI) দেশব্যাপী সেমিনার/কর্মশালা আয়োজন : জনগণের মধ্যে স্বাস্থ্য ও পরিবেশ রক্ষা সম্পর্কিত সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সারাদেশে সেমিনার ও কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় অবহিত করা হয় যে, ইতোমধ্যে এনএপিডিতে অ্যালামনাই অ্যাসোসিয়েশন কর্তৃক আয়োজিত ক্যাম্পার রোগ বিষয়ক কর্মশালা সর্বমহলে বিশেষভাবে প্রশংসিত হয়েছে। দেশব্যাপী অনুরূপ কর্মশালা আয়োজনের লক্ষ্যে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করার জন্য নিম্নলিখিত সদস্য সমন্বয়ে একটি উপকমিটি গঠন করা হল:
- | | | |
|---|---|---------|
| ১) জনাব মো: হাসান তারিক, পরিচালক, এনএপিডি | - | আহবায়ক |
| ২) ডাঃ ওয়াহিদুল ইসলাম প্রিস্প | - | সদস্য। |
| ৩) ডাঃ মোঃ তানভীর আশরাফ | - | সদস্য। |
| ৪) ডাঃ সাখাওয়াৎ হোসেন মির্তু | - | সদস্য। |
| ৫) শেখ মুজিবল হক | - | সদস্য। |
| ৬) জনাব মোঃ শরিফুল ইসলাম | - | সদস্য। |
| ৭) জনাব সিরাজ উদ্দৌলা চৌধুরী | - | সদস্য। |

কমিটির কার্যপরিধি:

কমিটি সেমিনার/কর্মশালা আয়োজন সংক্রান্ত একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করে আগামী সভায় উপস্থাপন করবে।

- 08) পরিশেষে সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১/৪/২০১৮
 (নাসরিন আকতার)
 মহাপরিচালক (সরকারের ভারপ্রাপ্ত সচিব) এনএপিডি
 ও
 সভাপতি
 এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন